JUN 17 2002

তারিখ ... ... ... ... ১৭ ...

পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

# প্রকল্প পরিচালকের প্রতি আদালতের শোকজ নোটিশ

**নিজস্ব বার্তা পরিবেশক :** সরকারের ৬ থেকে ১০ বছরের শিশুদের জন্য বই সংগ্রহ প্রকল্পে অনিয়ম ও অপচয়ের অভিযোগে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন এক আইনজীবী। গতকাল আদালত মামলার পরিপ্রেক্ষিতে বিবাদি প্রকল্প পরিচালকের কাছে শোকজ নোটিশ পাঠিয়েছেন।

জানা গেছে, সরকার নির্ধারিত এ প্রকল্পে যেসব বই প্রকল্পের আওতায় কেনার প্রস্তাব করা হয় তার অধিকাংশ শিশুদের উপযুক্ত ছিল না। এছাড়া এ বইয়ের মূল্য প্রচলিত মূল্যের চেয়ে অনেক বেশি দেখানো হয়। আবার সমসংখ্যক শিশুর জন্য কোন বই ৫ হাজার, কোন বই ২০ হাজার অর্থাৎ খেয়ালখুশি মতো কেনার প্রস্তাব করা হয়। এসব ব্যাপারে এর আগে পত্রপত্রিকায় সংবাদ প্রকাশিত হয় এবং সম্পাদকীয়ও লেখা হয়।

পত্রপত্রিকায় প্রকাশিত রিপোর্টের ভিত্তিতে অ্যাডভোকেট মোহাম্মদ রফিকুল ইসলাম ১৫ই জুন চতুর্থ সাব-জজের আদালতে প্রকল্প পরিচালকের বিরুদ্ধে দেওয়ানি মামলা দায়ের করেন। (মামলা নং-১৬৮/০২)। গতকাল আদালত থেকে এ ব্যাপারে ১০ দিনের মধ্যে প্রকল্পের আওতায় বই কেনার টেন্ডার তফসিল কেন স্থগিত করা হবে না জানতে চেয়ে প্রকল্প পরিচালকের কাছে শোকজ নোটিশ পাঠানো হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

অন্য একটি সূত্র জানায়, গতকাল এ প্রকল্পের আওতায় টেন্ডার দাখিলও সম্পন্ন হয়েছে। পাঠ্যপুস্তক বোর্ডের প্রতিটি পুস্তকের মূল্য ফর্মাপ্রতি ১ টাকা ৫০ পয়সা হলেও এ প্রকল্পে বই কেনার ক্ষেত্রে মূল্য দেখানো হয় প্রতি ফর্মা ২০ টাকা।